



গাজা অভিযানে তিন হামাস যোদ্ধা নিহত: আইডিএফ



সংগৃহীত ছবি

গাজা উপত্যকায় সাম্প্রতিক এক সামরিক অভিযানে হামাসের তিন সদস্যকে হত্যা করা হয়েছে বলে দাবি করেছে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)। তাদের ভাষ্য অনুযায়ী, নিহতদের একজন ৭ অক্টোবরের হামলার সঙ্গে সরাসরি জড়িত ছিলেন এবং গুরুত্বপূর্ণ দায়িত্বে ছিলেন।

রোববার (২৬ এপ্রিল) প্রকাশিত এক প্রতিবেদনে বিষয়টি তুলে ধরেছে সংবাদমাধ্যম আল জাজিরা।

আইডিএফ জানায়, নিহতদের মধ্যে প্রথম ব্যক্তি ছিলেন হামাসের একজন প্রভাবশালী কমান্ডার, যিনি ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলের ভেতরে ঢুকে হামলায় নেতৃত্ব দিয়েছেন বলে দাবি করা হয়। দ্বিতীয়জন ছিলেন একটি প্লাটুন কমান্ডার, যিনি গাজায় ইসরায়েলি বাহিনীর বিরুদ্ধে একাধিক হামলার সঙ্গে যুক্ত ছিলেন।

তৃতীয় ব্যক্তি হামাসের সামরিক গোয়েন্দা ইউনিটের সদস্য ছিলেন বলে জানানো হয়েছে। তবে তাদের কখন ও কোথায় হত্যা করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত কিছু জানায়নি ইসরায়েলি বাহিনী। হামাসও এ বিষয়ে এখনো কোনো প্রতিক্রিয়া দেয়নি।

২০২৩ সালের অক্টোবর থেকে চলমান যুদ্ধে এখন পর্যন্ত হাজার হাজার ফিলিস্তিনি নিহত হয়েছেন, যাদের বড় অংশই নারী ও শিশু। যুদ্ধবিরতির পরও সহিংসতা থামেনি বলে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।